# সাজেশন হিসাববিজ্ঞান

## ক- বিভাগ থেকে যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও

১। মেসার্স রাফসান ট্রেডার্সের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের রেওয়ামিল নিম্নে প্রদত্ত হলো :

মেসার্স রাফসান ট্রেডার্স
রেওয়ামিল
৩১ ডিসেম্বর ২০২১

| হিসাবের নাম | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|
| মূলধন | | ১,৫০,০০০ |
| সেবা আয় | | ৩,০০,০০০ |
| আসবাবপত্র | ১,৪০,০০০ | |
| নগদ | ২,৫০,০০০ | |
| অগ্রিম বিমা | ৩৬,০০০ | |
| ভাড়া | ৪০,০০০ | |
| পুঞ্জিভূত অবচয়- আসবাবপত্র | | ১৬,০০০ |
| | ৪,৬৬,০০০ | ৪,৬৬,০০০ |

সমন্বয়সমূহ :
১. অনুপার্জিত সেবা আয় ১০,০০০ টাকা সেবা আয়ের মধ্যে অন্তর্ভুক্ত আছে।
২. দুই মাসের ভাড়া বকেয়া রয়েছে।
৩. ২০১৮ সালের ৩১ মার্চ পর্যন্ত ১ বছরের জন্য অগ্রিম-বীমা প্রদত্ত হয়েছে।
৪. আসবাবপত্রের উপর ১০% হারে অবচয় ধার্য কর।

করণীয়:
ক. ২০২১ সালের বিমা খরচ এবং ভাড়া খরচ গণনাসহ নির্ণয় কর।
খ) উপরিউক্ত সমন্বয়গুলোর সমন্বয় জাবেদা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই)
গ) ১০ ঘরবিশিষ্ট কার্যপত্র তৈরি কর।

২। আরাবী ট্রেডার্সের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাদি নিম্নরূপ;

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| সেবা আয় | | ১,৮০,০০০ |
| মূলধন | | ১,৩০,০০০ |
| উত্তোলন | ৪৫,০০০ | |
| বেতন | ৭০,০০০ | |
| অগ্রিম বিমা | ৪২,০০০ | |
| প্রাপ্য হিসাব | ২,০০,০০০ | |
| প্রদেয় হিসাব | | ২০,০০০ |
| অনুপার্জিত সেবা আয় | | ৩০,০০০ |
| সাপ্লাইজ খরচ | ৩,০০০ | |
| | ৩,৬০,০০০ | ৩,৬০,০০০ |

সমন্বয় সমূহ ঃ- (১) অব্যবহৃত সাপ্লাইজ ৫০০ টাকা।
(২) অগ্রিম বিমার মেয়াদ উত্তীর্ণ হয়েছে ২০,০০০ টাকা।
(৩) সেবা আয় অনুপার্জিত হয়েছে ১৫,০০০ টাকা।
(৪) দুই মাসের বেতন বকেয়া রয়েছে।

করণীয় ঃ- (ক) (১) ও (৩) নং সমন্বয়ের প্রয়োজনীয় জাবেদা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নাই)
(খ) উপরোক্ত তথ্যবলি হতে একটি সমন্বিত রেওয়ামিল প্রস্তুতকর।
(গ) উপরোক্ত তথ্যাবলি সমাপনী দাখিলা দাও।

৩। জনাব আজিম তার ব্যবসায়ীক কার্যাবলি সম্পাদনের জন্য ২০১৯ সালের ১ জানুয়ারি তারিখে ৪,৭৫,০০০ টাকা মূল্যের একটি মটর গাড়ি ক্রয় করে। উক্ত গাড়িটির রেজিস্ট্রেশন বাবদ খরচ হয় ২৫,০০০ টাকা। অনুমান করা হয় গাড়িটির আয়ুস্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ১,০০,০০০ টাকা। ২০২১ সালের ১ অক্টোবর তারিখে গাড়িটি ৩,৬৫,৫০০ টাকায় বিক্রি করেন। প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে হিসাব সমাপ্ত করা হয়। সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করা হয়।

করণীয় ঃ- (ক) মটর গাড়ি বিক্রয়জনিত লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর।
(খ) ২০১৯ থেকে ২০২১ পর্যন্ত অবচয় হিসাব তৈরি কর।
(গ) ২০১৯ থেকে ২০২১ পর্যন্ত মটর গাড়ি হিসাব তৈরি কর।

৪। মৌ ট্রেডার্স ২০২০ সালের ১ জুলাই তারিখে ২,০০,০০০ টাকা মূল্যের একটি যন্ত্রপাতি ক্রয় করে। ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে ৪,৫০,০০০ টাকায় অতিরিক্ত একটি যন্ত্রপাতি ক্রয় করে এবং বসানো খরচ বাবদ ১০,০০০ টাকা ব্যয় করে। মেয়াদ শেষে দ্বিতীয় যন্ত্রপাতিটির প্রত্যাশিত ভগ্নাবশেষ মূল্য ২০,০০০ টাকা। উভয় যন্ত্রপাতি প্রত্যাশিত আয়ুষ্কাল পাঁচ বছর প্রতিষ্ঠানটি প্রত্যেক বছর ৩১ ডিসেম্বর তারিখে সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করে।

করণীয় ঃ- (ক) ২০২০ ও ২০২১ সালের অবচয়ের পরিমাণ নির্ণয় কর।

(খ) উভয় বছরের জন্য জাবেদা দাখিলা দাও।

(গ) ২০২১ সালের অবচয় হিসাব ও ক্রমযোজিত হিসাব তৈরি কর।

৫। ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে মম ট্রেডার্সের রেওয়ামিল নিচে প্রদত্ত হলো;

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মূলধন | | ১,৫০,০০০ |
| উত্তোলন | ১৫,০০০ | |
| হাতে নগদ | ৬০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ৬০,০০০ | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ১৫,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ১,৪২,০০০ | ১,৭৮,৫০০ |
| রহিমকে প্রদত্ত ঋণ (১-৬-১৫) | ৩০,০০০ | |
| অনাদায়ি পাওনা | ৩,০০০ | |
| অনাদায়ি পাওনা সঞ্চিতি | | ৫,০০০ |
| মজুরি | ৮,৫০০ | |
| | ৩,৩৩,৫০০ | ৩,৩৩,৫০০ |

অন্যান্য তথ্যাবলি ঃ- (১) সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ৮৫,০০০ টাকা।

(২) মজুরি ১,৫০০ টাকা অগ্রিম প্রদান করা হয়েছে।

(৩) প্রাপ্য হিসাবের ওপর ১০% অনাদায়ী পাওনা সঞ্চিতি তৈরি।

(৪) রহিমকে প্রদত্ত ঋণের ওপর ১২% সুদ ধার্য কর ।

করণীয় ঃ- (ক) অনাদায়ি দেনার পরিমাণ নির্ণয় কর।

(খ) বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ নির্ণয় কর।

(গ) মম ট্রেডার্সের আর্থিক অবস্থার বিবরণীর সম্পদের দিক প্রদর্শন কর।

৬। ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে রক্সি ট্রেডার্স এর রেওয়ামিল নিম্নরুপ:

রক্সি ট্রেডার্স
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০১৭

| বিবরণ | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|
| অফিস সরঞ্জাম | ১,৪০,০০০ | |
| সাপ্লাইজ | ৭,০০০ | |
| ভাড়া | ৩৬,০০০ | |
| নগদ তহবিল | ৪৫,০০০ | |
| মূলধন | | ২,০০,০০০ |
| অনুপার্জিত সেবা আয় | | ১৫,০০০ |
| সেবা আয় | | ৮০,০০০ |
| কমিশন আয় | | ২০,০০০ |
| বিজ্ঞাপন | ২৪,০০০ | |
| বেতন | ৪৮,০০০ | |
| পুঞ্জীভুত অবচয়- অফিস সরঞ্জাম | | ২৫,০০০ |
| প্রাপ্য হিসাব | ৪০,০০০ | |
| | ৩,৪০,০০০ | ৩,৪০,০০০ |

সমন্বয়সমূহ :

১) সেবা প্রদান করা হয়েছে ১৫,০০০ টাকা যা এখনও পাওয়া যায়নি।
২) ভাড়া ৩ বছরের জন্য প্রদান করা হয়েছে।
৩) অনুপার্জিত সেবা আয়ের ৩,০০০ টাকার মেয়াদ উত্তীর্ণ হয়েছে।
৪) হিসাব কাল শেষে ২,০০০ টাকার সাপ্লাইজ অব্যবহৃত হয়েছে।

ক. মোট সেবা আয় গণনাসহ নির্ণয় কর।

খ. ২০২১ সালের ৩১ডিসেম্বর তারিখে বিশদ আয় বিবরণী প্রস্তুত কর।

গ. বছরের শেষ তারিখে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর।

## খ- বিভাগ থেকে যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও

৭। বিপাশা লিঃ ২০২০ সালের ৩১ শে ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ;

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন (১০,০০০ শেয়ার পূর্ণমূল্যে আদায়কৃত) | | ১,০০,০০০ |
| ইজারা সম্পত্তি (১০ বছর) | ২০,০০০ | |
| সুনাম | ৪১,০০০ | |
| কলকব্জা | ৬০,০০০ | |
| মজুদ পণ্য (০১-০১-২০২০) | ১০,০০০ | |
| ক্রয় | ৮০,০০০ | |
| বিক্রয় | | ১,৪৫,০০০ |
| মজুরি | ১০,০০০ | |
| ভাড়া আয় | | ৫,০০০ |
| শেয়ার অধিহার | | ৫,০০০ |
| রক্ষিত আয় | | ৪,০০০ |
| নগদ | ৩৮,০০০ | |
| | ২,৫৯,০০০ | ২,৫৯,০০০ |

সমন্বয় সমূহ ঃ- (১) সমাপনী মজুদ পণ্য ৩০,০০০ টাকা।
(২) ১-১০-২০২০ তারিখে ক্রয়কৃত ৮,০০০ টাকার নতুন কলকব্জার সংস্থাপন ব্যয় ২,০০০ টাকা মজুরির অন্তর্ভুক্ত।
(৩) ভাড়া আয় ৩,০০০ টাকা অগ্রিম গৃহীত হয়েছে।
(৪) শেয়ার অধিহারকে সুনামের সাথে সমন্বয় কর এবং অবশিষ্ট সুনামের ১/৪ অংশ চলতি বছরের মুনাফা দ্বারা অবলোপন কর।
(৫) কলকব্জার উপর ১০% অবচয় ধর।
করণীয় ঃ- (ক) কলকব্জার অবচয়ের পরিমাণ নির্ণয় কর।
(খ) যথাযথ ছকে বছর শেষে মোট লাভ নির্ণয় কর।
(গ) আর্থিক অবস্থার বিবরণীর ছকে স্থায়ী সম্পদ ও চলতি দায়ের পরিমাণ দেখাও।

৮। আফরিন লিমিটেডের আর্থিক বিবরণীর কিছু তথ্য নিম্নে প্রদান করা হলো;

| বিবরণ | টাকা |
|---|---|
| মজুদ পণ্য | ১৫,০০,০০০ |
| প্রাপ্য হিসাব | ১৩,৭০,০০০ |
| নগদ তহবিল | ১০,৩০,০০০ |
| প্রদেয় হিসাব | ১৩,০০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ১১,০০,০০০ |

বছরে বিক্রয়ের পরিমাণ ৬০,০০,০০০ টাকা এবং কোম্পানির বিক্রয়ের উপর ৩৩$\frac{১}{৩}$ % লাভে পণ্য বিক্রয় করে।

করণীয় ঃ- (ক) বিক্রিত পণ্যের ব্যয় নির্ণয় কর।
(খ) কার্যকরী মূলধন অনুপাত ও ত্বরিত অনুপাত নির্ণয় কর।
(গ) মজুদ আবর্তন অনুপাত ও প্রাপ্য হিসাব আবর্তন অনুপাত নির্ণয় কর।

৯। কলরব লি. ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে উৎপাদন ব্যয় সংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ;

| হিসাবের নাম | টাকা |
|---|---|
| কাঁচামাল ব্যবহার | ১১,০০,০০০ |
| প্রত্যক্ষ মজুরি | ৮,০০,০০০ |
| কারখানার উপরি ব্যয় | ৪,০০,০০০ |
| প্রশাসনিক উপরি ব্যয় | ৩,০০,০০০ |

করণীয় ঃ- (ক) উপরোক্ত তথ্য হতে প্রত্যক্ষ মজুরির উপর কারখানা উপরি ব্যয়ের শতকরা হার নির্ণয় কর।
(খ) উপরোক্ত তথ্যাবলি থেকে উৎপাদন ব্যয় বিবরণী তৈরি কর এবং কারখানা ব্যয়ের উপর প্রশাসনিক উপরি ব্যয়ের শতকরা হার নির্ণয় কর।
(গ) উপরোক্ত তথ্যের সাহায্যে একটি ট্রেন্ডার মূল্য নির্ণয় কর যদি কাঁচামাল ও মজুরি ব্যয় যথাক্রমে ৮০,০০০ টাকা এবং ৬০,০০০ টাকা হয় এবং মুনাফার হার বিক্রয় মূল্যের উপর ২০% হয়।

১০। মৌ ফুড প্রোডাক্ট এর ২০২১ সালের জুন মাসের কাঁচামাল সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ;

| | | |
|---|---|---|
| জুন | ১ | জের ৫০০ এককপ্রতি একক ৪ টাকা দর। |
| ” | ৭ | ক্রয় ৬০০ এককপ্রতি একক ৫ টাকা দর। |
| ” | ১৮ | ইস্যু ৭০০ একক। |
| ” | ২৫ | ক্রয় ৩০০ এককপ্রতি একক ৬ টাকা দর। |
| ” | ৩০ | ইস্যু ৫০০ একক। |

৩০ জুন তারিখে কাঁচামালের মজুদ ১৫০ একক।

করণীয় ঃ-
(ক) ঘাটতি একক নির্ণয় কর।
(খ) **FIFO** পদ্ধতিতে বিক্রিত পণ্যের বিক্রিত ব্যয় নির্ণয় কর।
(গ) ভারযুক্ত গড় ব্যয় পদ্ধতিতে বিক্রিত পণ্যের ব্যয় নির্ণয় কর।

১১। ২০২১ সালের ৩১ শে ডিসেম্বর তারিখে মডার্ন ট্রেডার্স রেওয়ামিল নিম্নে দেয়া হল;

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| অফিস সরঞ্জাম | ৪০,০০০ | |
| অগ্রিম বিমা | ১২,০০০ | |
| অফিস সাপ্লাইজ | ১২,৫০০ | |
| পুঞ্জিভূত অবচয় | | ৪,০০০ |
| প্রদেয় মজুরি | | ৬,০০০ |
| অগ্রিম পরিবহন খরচ | ৮,৫০০ | |
| সেবা আয় | | ৩৫,০০০ |
| অগ্রিম সেবা আয় | | ৩,০০০ |
| শেয়ার মূলধন | | ২৫,০০০ |
| | ৭৩,০০০ | ৭৩,০০০ |

অন্যান্য তথ্যাবলি ঃ-
(১) অব্যবহৃত অফিস সাপ্লাইজের পরিমাণ ৪,৫০০ টাকা।
(২) অফিস সরঞ্জামের উপর ৫% অবচয় ধার্য করো।
(৩) অগ্রিম বিমার মেয়াদ উত্তীর্ণ হয়েছে ৫০০ টাকা।
(৪) অগ্রিম সেবা আয়ে ৪০% এর সেবা দেয়া হয়েছে।
(৫) অগ্রিম পরিবহন খরচের ৪,০০০ টাকার সেবা পাওয়া গেছে।
করণীয় ঃ- (ক) মোট সেবা আয়ের পরিমাণ কত?
(খ) যথোপযুক্ত ছকে মডার্ন ট্রেডার্স-এর নিট মুনাফা নির্ণয় করো।
(গ) আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো।